

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, ফেব্রুয়ারি ১৭, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

[মূসক আন্তর্জাতিক সম্পর্ক ও কুটনৈতিক অব্যাহতি শাখা]

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

তারিখ : ২৮ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/১১ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

নং ৬/মূসক/২০২০—যেহেতু, বিশ্ব খাদ্য কর্মসূচী (World Food Programme বা WFP) স্থানীয় উৎপাদকের নিকট হতে বিস্কুট ক্রয়পূর্বক দেশের বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রাথমিক স্কুলের শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণ করবে, এবং

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও বিশ্ব খাদ্য কর্মসূচী এর মধ্যে সম্পাদিত চুক্তিতে বিধি ও পদ্ধতি অনুসরণে দেশের অভ্যন্তরে স্থানীয়ভাবে ক্রয়কৃত খাদ্য সামগ্রীর উপর আরোপণীয় স্থানীয় করাদি সরকার মওকুফ করবে মর্মে শর্ত রয়েছে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২, এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, WFP এর ৯ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের পত্র নং-VAT/07/2019 অনুসারে স্থানীয় সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে WFP এর সম্পাদিত চুক্তির আওতায় নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহ কর্তৃক তাদের নামের বিপরীতে প্রতিক্ষেত্রে বর্ণিত

(২৩৬৩)

মূল্য : টাকা ৪.০০

পরিমাণ বিস্কুট সরবরাহের ক্ষেত্রে উৎপাদন পর্যায়ে আরোপণীয় মূল্য সংযোজন কর (মূসক) হতে অব্যাহতি প্রদান করা হলো, যথা :—

সূত্র	প্রতিষ্ঠানের নাম	প্রতিষ্ঠান/ফ্যাক্টরীর ঠিকানা	সরবরাহতব্য বিস্কুটের পরিমাণ (মেণ্টন)
4500072930	Diamond-Food and Beverage Ltd.	Gorai, Mirzapur, Tangail	305.31
Total Quantity			305.31

০২। উল্লেখ্য, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৪৬ অনুযায়ী সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠান তৎকর্তৃক সরবরাহকৃত বিস্কুট উৎপাদনে ব্যবহৃত উপকরণের উপর পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত গ্রহণ করতে পারবে না। এ অব্যাহতি সুবিধা গ্রহণকল্পে বিস্কুট উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহকে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ৫১, ৫৩, ৫৪, ৬৪ ও ১০৭ এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ৪০ এ উল্লিখিত মূল্য সংযোজন কর সংক্রান্ত হিসাবরক্ষণসহ কর চালানপত্র ও দাখিলপত্রের যাবতীয় আনুষ্ঠানিকতা প্রতিপালন করতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

হাছান মুহম্মদ তারেক রিকাবদার

প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd